



EMBASSY OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
MANILA, PHILIPPINES



## প্রেস বিজ্ঞপ্তি

ম্যানিলা, ২৭ জুলাই ২০২০।

বিষয়ঃ ফিলিপাইন থেকে আটকে পড়া বাংলাদেশীদের প্রত্যাবর্তন।

আজ সকালে ফিলিপাইনে আটকে পড়া দশ জন বাংলাদেশী ফিলিপাইন এয়ারলাইপের একটি বিশেষ বিমান যোগে বাংলাদেশে প্রত্যাবর্তন করেছেন। এরা কোভিড-১৯ মহামারীর কারণে ফিলিপাইনে আটকে পড়েছিলেন। প্রত্যাবসিত বাংলাদেশীদের মধ্যে ছাত্র ও পর্যটক রয়েছেন। এটি ফিলিপাইনে আটকে থাকা বাংলাদেশীদের দ্বিতীয় দল। এর আগে জুন মাসে অনুরূপভাবে তেইশ জন আটকে পড়া বাংলাদেশী-বাংলাদেশে প্রত্যাবসিত হয়েছিলেন।

বাংলাদেশ থেকে ফিলিপাইনের নাগরিকদের ফিরিয়ে আনার জন্য ঢাকাছ ফিলিপিনো দূতাবাস এই বিশেষ বিমানটির আয়োজন করে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ফিলিপাইনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের অনুরোধে ঢাকাছ ফিলিপাইন দূতাবাস এ বিমানে ফিলিপাইনে আটকে পড়া বাংলাদেশীদের ফিরিয়ে নিতে সম্মত হয়।

AH

(মোঃ আরাফাত রহমান)  
দ্বিতীয় সচিব